**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/13/2023 **গভর্নর ক্যাথি হোকল**

## গভর্নর হোকল 10 মিলিয়ন মার্কিন ডলার ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের ষষ্ঠ রাউন্ডের ফিঙ্গার লেকস বিজয়ী হিসেবে পেরির নাম ঘোষণা করলেনa

***স্টেটের বিস্তৃত অর্থনৈতিক এবং কমিউনিটি প্রবৃদ্ধির কৌশলের একটি গুরুত্বপূর্ণ অংশ হিসাবে ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ***

***পেরির ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করতে স্টেট বাসিন্দা, সম্প্রদায়ের নেতৃবৃন্দ এবং সরকারি কর্মকর্তাদের সাথে কাজ করবে***

গভর্নর হোকল আজকে ঘোষণা করলেন যে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (Downtown Revitalization Initiative, DRI) ষষ্ঠ রাউন্ডের ফিঙ্গার লেকস বিজয়ী হিসেবে পেরি গ্রাম 10 মিলিয়ন মার্কিন ডলার তহবিল পাবে। DRI রাউন্ড 6 এর অংশ হিসেবে, স্টেটের 10টি অর্থনৈতিক বিকাশ অঞ্চলের প্রতিটি 10 মিলিয়ন ডলারের তহবিল পেতে যাচ্ছে, যা ডাউনটাউনগুলোকে প্রাণবন্ত এলাকায় রূপান্তরিত করার মাধ্যমে সম্প্রদায়গুলিকে তাদের অর্থনীতি বলীয়ান করতে সাহায্য করার উদ্দেশ্যে স্টেটের তরফ থেকে মোট 100 মিলিয়ন ডলার তহবিল ও বিনিয়োগের প্রতিশ্রুতি দান করে।

"আমাদের ডাউনটাউনগুলি নিউ ইয়র্ক সম্প্রদায়সমূহের প্রাণশক্তি, এবং সমৃদ্ধি, উন্নতিলাভ করতে ও তাদের সম্পূর্ণ সম্ভাবনা অর্জন করতে তাদের প্রয়োজনীয় সংস্থান প্রদান করার জন্য আমার প্রশাসন প্রতিশ্রুতিবদ্ধ," **গভর্নর হোকল বলেন।** "আমাদের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ থেকে এই 10 মিলিয়ন মার্কিন ডলার দ্বারা আমরা পেরিকে এর ডাউনটাউনে অর্থনৈতিক বিকাশ আনতে এবং গ্রামটির সমৃদ্ধ ইতিহাসকে উন্নত করতে ও একইসাথে সম্প্রদায়কে বলীয়ান করতে সাহায্য করছি।"

ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগে ডাউনটাউনের এলাকাগুলিকে উচ্চ জীবনযাত্রার মান প্রদানকারী এবং ব্যবসা, চাকরি, ও অর্থনৈতিক ও আবাসন বৈচিত্র্য আকর্ষণকারী প্রাণবন্ত কেন্দ্রে রূপান্তরের মাধ্যমে স্টেটের অর্থনৈতিক বিকাশ পলিসির একটি উপাদান হিসেবে কাজ করে। DRI-এর অতীতের রাউন্ডগুলির মতোই, প্রতিটি নির্বাচিত কমিউনিটি ডাউনটাউন পুনরুজ্জীবিত করার একটি ভিশন সুস্পষ্টভাবে উল্লেখ করে এবং ডাউনটাউনকে রূপান্তর করার এবং আরও বেশি বেসরকারি ও সরকারি বিনিয়োগকে কাজে লাগানোর সম্ভাবনা রয়েছে এমন কিছু স্বকীয় প্রকল্প সনাক্ত করে এমন একটি বটম-আপ, কমিউনিটি-ভিত্তিক পরিকল্পনা প্রক্রিয়ার মাধ্যমে

একটি কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করবে। স্টেট দপ্তর (Department of State) তারপর পুনরুজ্জীবিতকরণকে দ্রুত শুরু করার জন্য এবং কমিউনিটির ভিশনকে বাস্তবে রূপ দেওয়ার সবচেয়ে বেশি সম্ভাবনা রয়েছে এমন নির্বাচিত প্রকল্পগুলোয় DRI তহবিলের অনুদান দেবে।

**পেরি গ্রাম**

পেরি গ্রামটি এর ঐতিহাসিক চরিত্রের জন্য এবং বাসিন্দা ও পুরো স্টেট থেকে আগত পর্যটকদের জন্য শিল্প উৎসব ও বিনোদনমূলক সুযোগের পরিচিত। ডাউনটাউন ঐতিহাসিক জেলা (Downtown Historic District) এবং সম্প্রদায়ের আরো একাধিক ল্যান্ডমার্ক ঐতিহাসিক স্থানের জাতীয় নিবন্ধনে (National Register of Historic Places) তালিকাভুক্ত হয়েছে, যা গ্রামটির অনন্য চরিত্রে অবদান রাখে। পেরির ফার্মার্স মার্কেট (Perry Farmers' Market) থেকে জাতীয়ভাবে শীর্ষ 30 এর মধ্যে অবস্থিত লেচওয়ার্থ আর্টস এবং ক্র্যাফ্টস শো (Letchworth Arts and Crafts Show) থেকে ট্যুর ডে পেরি (Tour de Perry) পর্যন্ত, সম্প্রদায়ের সমৃদ্ধশালী শিল্প ও বিনোদনের দৃশ্যপট হাজার হাজার দর্শককে পেরিতে আকৃষ্ট করে এবং স্থানীয় অর্থনীতিকে সমর্থন করে। বিগত কয়েক বছর ধরে পেরির ডাউনটাউনে ব্যবসার পুনরুত্থান হচ্ছে এবং এটি সম্প্রদায়কে পুনরুজ্জীবিত করতে একাধিক প্রকল্পের কাজ শেষ করেছে, যার মধ্যে আছে এর সরকারি সৈকতের সংস্কার, একটি স্প্ল্যাশ পার্ক দিয়ে এর ভিলেজ পার্কের উন্নয়ন এবং একটি মেইন স্ট্রিট উন্নয়ন প্রকল্পের (Main Street Improvement Project) কাজ শেষ করা। এই সময়কালে, ডাউনটাউন পেরি এছাড়াও 36টি স্বাধীন ব্যবসা পেয়েছে, 11টি সিগনেচার ইভেন্ট প্রতিষ্ঠা করেছে এবং গ্রামব্যাপী কয়েক শত নতুন চাকরি তৈরি করেছে।

পেরি এর ছোট শহরের চরিত্র এবং বিনোদনমূলক দর্শনার্থীদের কাজে লাগিয়ে উন্নয়নকাজ অব্যাহত রাখতে চায় যাতে জিনেসি ভ্যালি অঞ্চলে আতিথেয়তা কেন্দ্রের ঈপ্সিত প্রথম পছন্দ হিসেবে গ্রামটির অবস্থান পাকাপোক্ত করা যায়। পেরি অভিযোজিতভাবে বিদ্যমান ঐতিহাসিক ভবনের পুনর্ব্যবহার করে, বৈচিত্র্যময় আবাসন বিকল্প তৈরি করে, সম্প্রদায়ের সেবার সুযোগ সম্প্রসারিত করে, ডাউনটাউনের ব্যবসার মালিকদের সমর্থন করে এবং এর ডাউনটাউনে অ্যাক্সেসিবল পথচারী ও বাইসাইকেল রাস্তার উন্নয়নের মাধ্যমে এর ভিশনকে বাস্তব করতে চায়।

ফিঙ্গার লেকস আঞ্চলিক অর্থনীতি বিকাশ পরিষদ (Regional Economic Development Council , REDC) পুরো অঞ্চলের সম্প্রদায়সমূহের জমাকৃত প্রস্তাবনাসমূহের একটি পুঙ্খানুপুঙ্খ ও প্রতিযোগিতামূলক পর্যালোচনা করেছে এবং এই সম্প্রদায়গুলিকে মনোনীত হিসেবে সুপারিশ করার আগে নিচের নির্ণায়কগুলি বিবেচনা করেছে:

- ডাউনটাউনটিকে সুস্পষ্ট সীমানা সহ নিবিড় হতে হবে;
- ডাউনটাউনটিকে আগাম মূলধন হিসাবে বা ভবিষ্যতের বেসরকারি ও সরকারি বিনিয়োগের অনুঘটক হিসাবে কাজে লাগানো যেতে পারে;
- ডাউনটাউনের মধ্যে অথবা ডাউনটাউনের নিকটবর্তী এলাকায় কর্মসংস্থানের সাম্প্রতিক বা আসন্ন বৃদ্ধি ঘটার সুযোগ আছে, যা কর্মীদের আকৃষ্ট করতে পারবে, পুনঃউন্নয়নে সহায়তা করবে এবং টেকসই সমৃদ্ধি বয়ে আনবে;
- ডাউনটাউনটি বৈচিত্র্যময় মানুষের জন্য একটি আকর্ষণীয় ও প্রাণবন্ত কমিউনিটি;

- মিউনিসিপ্যালিটি ইতিমধ্যে জীবন যাপনের সক্ষমতা ও গুণমান বৃদ্ধি করে এমন নীতিমালা তৈরি ও বাস্তবায়ন করেছে অথবা তা করার সক্ষমতা আছে;
- মিউনিসিপ্যালিটি ডাউনটাউনের পুনরুজ্জীবিতকরণের একটি ভিশন এবং প্রকল্প ও উদ্যোগগুলোর একটি প্রাথমিক তালিকা পাওয়া যায় এমন একটি খোলামেলা ও শক্তিশালী কমিউনিটির অন্তর্ভুক্তি প্রক্রিয়ার ব্যবস্থা করেছে;
- মিউনিসিপ্যালিটির কাছে DRI প্রক্রিয়া সামলানোর স্থানীয় সক্ষমতা আছে; এবং
- মিউনিসিপ্যালিটি এমন রূপান্তরমূলক প্রকল্পগুলোকে সনাক্ত করেছে যেগুলি DRI তহবিল পেলেই নিকটবর্তী-মেয়াদে বাস্তবায়নের জন্য প্রস্তুত হয়ে যাবে।

পেরি স্থানীয় পরিকল্পনা প্রক্রিয়া অনুসরণ করে এর ডাউনটাউন এলাকাকে পুনর্জীবিত করতে এবং দীর্ঘমেয়াদি প্রবৃদ্ধির নতুন সুযোগ সৃষ্টি করতে 10 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট তহবিল ও বিনিয়োগ পাবে। পেরি এখন DRI এর প্রথম পাঁচ রাউন্ডের ফিঙ্গার লেকস বিজয়ী জেনেভা, বাটাভিয়া, পেন ইয়ান, সেনেকা ফলস, নিউয়ার্ক এবং রচেস্টারের সাথে যোগ দিলো।

পেরি 10 মিলিয়ন মার্কিন ডলার DRI তহবিল থেকে 300,000 মার্কিন ডলার পর্যন্ত পরিকল্পনা তহবিল ব্যবহার করে এর ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করার জন্য একটি কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা (Strategic Investment Plan) তৈরির প্রক্রিয়া শুরু করবে। মিউনিসিপ্যাল প্রতিনিধি, সম্প্রদায়ের নেতৃবৃন্দ, ও অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি (Local Planning Committee) বেসরকারি খাতের একদল বিশেষজ্ঞ ও স্টেট পর্যায়ের পরিকল্পনাকারীদের সহায়তা নিয়ে এই প্রয়াসের নেতৃত্ব দিবে। কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় স্থানীয় সংস্থান ও সুযোগগুলো পরীক্ষা করা হবে এবং ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করার কমিউনিটির ভিশনের সাথে সঙ্গতিপূর্ণ এবং বাস্তবায়ন উপযোগী অর্থনৈতিক উন্নয়ন, পরিবহন, আবাসন, ও কমিউনিটি প্রকল্পগুলো সনাক্ত করবে। কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা ডাউনটাউনের জন্য কমিউনিটির ভিশনকে অগ্রসর করবে এবং স্টেটের তরফ থেকে দেওয়া এই 10 মিলিয়ন ডলারের বিনিয়োগ কাজে লাগাতে ও সম্প্রসারণ করতে পারবে এমন পুনরুজ্জীবিতকরণ প্রকল্পগুলোতে DRI অনুদানের অর্থ বিনিয়োগের ক্ষেত্রে পথ প্রদর্শন করবে। DRI-এর ষষ্ঠ রাউন্ডের পরিকল্পনাগুলি 2023 সালে সম্পন্ন হবে।

**স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন,** "আমাদের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগটি হলো প্রমাণ যে ডাউনটাউন সম্প্রদায়ে বিনিয়োগ করা হলে তা স্থানীয় ও আঞ্চলিক অর্থনৈতিক প্রবৃদ্ধি নিয়ে আসে। এই তহবিল পেয়ে পেরি এমন প্রকল্পে মনোযোগ দিবে যা বৈচিত্র্যময় আবাসন ও ব্যবসায়িক সুযোগ তৈরি করবে এবং এই ঐতিহাসিক গ্রামের নান্দনিকতাকে রক্ষা করবে, যার ফলে এটি সম্পূর্ণ ফিঙ্গার লেকস অঞ্চলের জন্য একটি প্রধান আতিথেয়তা ও পর্যটন গন্তব্য হিসেবে নিজের স্থান পাকাপোক্ত করবে।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন,** "পেরির অভীষ্ট, অগ্রগামী চিন্তার পরিকল্পনাটি বিস্তৃত এবং এটি নান্দনিক এই গ্রামের ঐতিহাসিক অতীত এবং এর সম্ভাবনাময় ভবিষ্যতের সম্পূর্ণ সদ্ব্যবহার করে। DRI তহবিলটি সেই ভিশনকে উন্নত করতে কাজ করবে,

আরো অর্থনৈতিক বিকাশের অনুঘটক হিসেবে কাজ করবে যা সুযোগ সম্প্রসারিত করবে এবং আগামী অনেক বছর ধরে সুন্দর এই সম্প্রদায়ে দর্শনার্থীদের আকৃষ্ট করবে।"

**নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal, HCR) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন,** "নিউ ইয়র্ক আজকে যেই 10 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি প্রদান করছে তার ফলে পেরির ঐতিহাসিক ডাউনটাউনে এমন উন্নয়নকাজ হবে যা আগামী অনেক দশক ধরে ফিঙ্গার লেকসের বাসিন্দা ও দর্শনার্থীরা উপভোগ করবে। স্টেটের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের মাধ্যমে করা উল্লেখযোগ্য এই বিনিয়োগটি পেরি সম্প্রদায়ের নেতৃবৃন্দকে বিদ্যমান ঐতিহাসিক ভবন সংস্কার করতে এবং নতুন, বৈচিত্র্যময় আবাসন বিকল্প তৈরি করতে সাহায্য করবে। আমাদের স্টেটজুড়ে সম্প্রদায়সমূহকে পুনর্জীবিত করতে গভর্নর হোকলের নেতৃত্ব ও নিবেদনের জন্য তাকে ধন্যবাদ।"

**ফিঙ্গার লেকস আঞ্চলিক অর্থনৈতিক বিকাশের (Finger Lakes Regional Economic Development) সহপ্রধানগণ , গ্রেটার রচেস্টার চেম্বার অফ কমার্সের (Greater Rochester Chamber of Commerce) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা বব ডাফি এবং নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (New York State University, SUNY) জেনেসোর প্রেসিডেন্ট ডেনিস ব্যাটলস বলেন,** "ফিঙ্গার লেকস অঞ্চলের সর্বশেষ DRI প্রাপক হিসেবে পেরি গ্রামের নাম দেখে আমরা অত্যধিক খুশি হয়েছি। সুন্দর এই সম্প্রদায়টি এর কৌশলী পরিকল্পনায় কাজ করার জন্য প্রস্তুত আছে যার উদ্দেশ্য হলো বিনিয়োগকে আকৃষ্ট করা এবং গ্রামটির ঐতিহাসিক ব্যবসা জেলার প্রাণকেন্দ্রকে পুনর্জীবিত ও পুনর্গঠন করা।"

**স্টেটের সিনেটর জর্জ বোরেলো বলেন,** "পেরি গ্রামের জন্য এবং সম্পূর্ণ জিনেসি ভ্যালি অঞ্চলের জন্য এটি একটি দারুণ সংবাদ। এই 10 মিলিয়ন মার্কিন ডলার ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের অনুদানটি পেরিকে ব্যবসা ও পর্যটনের একটি গন্তব্য এবং সুন্দর লেচওয়ার্থ স্টেট পার্কের একটি গেটওয়ে হয়ে উঠার জন্য এর রেনেসাঁকে অব্যাহত রাখবে। এই অর্থটি পাওয়া যাচ্ছে স্থানীয় নেতৃবৃন্দের পরিশ্রমের ফলে যারা নিজেদের সম্প্রদায় ও অঞ্চলটির জন্য একটি সমৃদ্ধির পথের পরিকল্পনা করতে একত্রে কাজ করেছেন। এটি পেরির ঐতিহাসিক ডাউনটাউন জেলাকে পুনর্জীবিত করতে বেসরকারি বিনিয়োগকে কাজে লাগবে। পেরি হলো নিউ ইয়র্ক স্টেটে 10 মিলিয়ন মার্কিন ডলার DRI অর্থ প্রাপ্ত মাত্র 10টি সম্প্রদায়ের একটি। এটি তাদের ভিশন ও অঙ্গীকারের শক্তির প্রমাণস্বরূপ। আমাদের গ্রামীণ সম্প্রদায় যখন নিজেদেরকে পুনর্নবীকরণ এবং পুনরায় উদ্ভাবন করছে, আমাদের অঞ্চলের জন্য উজ্জ্বলতর ভবিষ্যৎ গঠন করছে, তখন সেখানে বিনিয়োগ করার গুরুত্ব উপলব্ধি করার জন্য গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেটকে ধন্যবাদ।"

**অ্যাসেম্বলি সদস্য মার্জোরি বাইর্ন্স বলেন,** "আমি অতি আনন্দিত যে পেরি গ্রামটি ডাউনটাউন পুনরুজ্জীবন অব্যাহত রাখার জন্য তহবিল পেয়েছে। যখন আমি প্রথম মেয়রের সাথে দেখা করি তখন আমাকে গ্রামটির পরিকল্পিত বহু প্রকল্প ও ইভেন্টের সম্পর্কে সর্বশেষ তথ্য জানানো হয়। আমি নিশ্চিত যে এই তহবিলটি পেরির সমৃদ্ধশালী ডাউনটাউন এলাকাকে সম্প্রসারিত করতে দারুণভাবে ব্যবহার করা হবে।"

**ওয়াইওমিং কাউন্টির সুপারভাইজার বোর্ডের প্রধান রেবেকা রায়ান বলেন,** "ওয়াইওমিং কাউন্টি ইতিহাস, সুন্দর স্থাপত্য এবং নান্দনিকতায় পূর্ণ অনেক ক্ষুদ্র সম্প্রদায় ও গ্রাম দ্বারা গঠিত।আমাদের সম্পূর্ণ সম্ভাবনা অর্জন করতে এবং আমাদের ডাউনটাউনকে পুনর্জীবিত করতে সরকারি/বেসরকারি অংশীদারিত্ব অত্যাবশ্যকীয়।এই বিনিয়োগ এবং এর দ্বারা পরিকল্পিত প্রকল্পসমূহ পেরি গ্রামের জন্য আকর্ষণীয় নতুন বিকাশের প্রতিশ্রুতি প্রদান করে যা বর্তমান ও ভবিষ্যৎ বাসিন্দা, ব্যবসা ও পেরি এবং ওয়াইওমিং কাউন্টিতে বেড়াতে আসা মানুষের জীবন উন্নত করবে। কোনও আপস্টেট সম্প্রদায় যাতে বাদ না পরে তা নিশ্চিত করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতির জন্য আমরা তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

**পেরির মেয়র রিক হাউজার বলেন,** "আমাদের পুনরুজ্জীবন যাত্রার সময়ে, অগোছালো ছোট্ট পেরি গ্রামটিতে বুদ্ধিমান, তুখোড় মানুষ, ভিশন, সংকল্প বা কর্মকাণ্ডের কোনও ঘাটতি কখনোই ছিলো না। কিন্তু এই অর্থ আমাদেরকে সেই কাজের জন্য জোরেশোরে লেগে পড়তে দিবে! আবাসন, খাওয়াদাওয়া, ঘরের বাইরের বিনোদন, শিল্প এবং অতিথিদের থাকার জায়গার মতো ক্ষেত্রসমূহে এধরনের একটি সুযোগ বিশাল প্রভাব ফেলবে, একটি প্রাণবন্ত, স্থিতিস্থাপক ডাউনটাউনের সমর্থন করার জন্য সেই ভিশনে দ্রুত পৌঁছে যেতে প্রয়োজনীয় অভীষ্ট বেসরকারি বিনিয়োগ ও নাগরিক উন্নয়নের সূচনা করবে। গভর্নর হোকল, ESD, REDC এবং নিউ ইয়র্ক স্টেটকে তাদের অংশীদারিত্ব, এইসব প্রগতিশীল কর্মসূচির জন্য এবং পেরি প্রকল্পে আস্থা রাখার জন্য ধন্যবাদ।"

**<u>ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ সম্পর্কে</u>**
2016 সালে ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ তৈরি করা হয়েছিল রাজ্যের সব দশটি অঞ্চলের শহরতলি এবং পাড়াগুলির পুনরুজ্জীবনকে ত্বরান্বিত করতে এবং বিস্তৃত করার জন্য কার্যকলাপের কেন্দ্র এবং বিনিয়োগের জন্য অনুঘটক হিসাবে কাজ করার জন্য। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট , হোমস এবং কমিউনিটি রিনিউয়াল এবং নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA)এর সহায়তায় স্টেট বিভাগের নেতৃত্বে, DRI একটি অভূতপূর্ব ও উদ্ভাবনী "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশল ও সেই সাথে এর তাৎক্ষণিক বাস্তবায়নের প্রতিনিধিত্ব করে যার ফলে গোছানো, হাঁটার উপযুক্ত ডাউনটাউন পাওয়া যায় যা কোভিড-19 মহামারীর প্রভাব থেকে নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতি পুনর্গঠনে একে সাহায্য করা এবং সেই সাথে গণপরিবহনের ব্যবহার প্রচার করে এবং ব্যক্তিগত যানবাহনের উপর নির্ভরতা হ্রাস করে স্টেটের সাহসী জলবায়ু লক্ষ্য অর্জন করার একটি মুখ্য উপাদান।

এই কর্মসূচির প্রথম চার বছরে, স্টেট পুনরুজ্জীবিতকরণের জন্য উপযুক্ত অবস্থায় রয়েছে এবং পুনঃউন্নয়ন, ব্যবসা, কর্মসংস্থান তৈরি, বৃহত্তর অর্থনৈতিক ও আবাসন সংক্রান্ত বৈচিত্র্য, ও সুযোগ-সুবিধাকে আকৃষ্টকারীতে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে এমন 59টি ডাউনটাউনে 600 মিলিয়ন ডলার বিনিয়োগ করতে অঙ্গীকারাবদ্ধ হয়েছে। ডাউনটাউনের যোগ্যতা ও রূপান্তরণের ভিত্তিতে অংশগ্রহণকারী কমিউনিটিগুলিকে স্টেটের 10-টি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল মনোনীত করেছে। একটি ডাউনটাউন কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়ন এবং পুনরুজ্জীবিতকরণের জন্য কমিউনিটির ভিশনকে সামনে এগিয়ে নিবে এবং আরো বেশি

বেসরকারি ও সরকারি বিনিয়োগকে কাজে লাগাবে এমন গুরুত্বপূর্ণ অনুঘটক প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য প্রতিটি কমিউনিটিকে 10 মিলিয়ন ডলার অনুদান প্রদান করা হয়েছে।

DRI সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে।

###


আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418